



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মুরারিচাঁদ কলেজ, সিলেট

website : www.mccollege.edu.bd

email : m.c.college_sylhet@live.com

বাংলাদেশের
সুশিক্ষিত
Bangladesh



তারিখ: ১৮.০১.২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা মুরারিচাঁদ কলেজ সিলেট-এ অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ এর বিভিন্ন ইভেন্টের বাছাই ও চূড়ান্তপর্ব ০৬.০২.২০২৪ খ্রি. ও ০৭.০২.২০২৪ খ্রি. তারিখে কলেজের মাঠে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে আগামী ২১.০১.২০২৪ খ্রি. হতে ০৪.০২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে (বন্ধের দিন ব্যতীত) নাম তালিকাভুক্ত করার জন্য নির্দেশ দেয়া গেল।

নাম তালিকা ভুক্তির স্থান : শরীরচর্চা শিক্ষকের কার্যালয়, প্রশাসনিক ভবন, মুরারিচাঁদ কলেজ, সিলেট
সময় : প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত (বন্ধের দিন ব্যতীত)
উল্লেখ্য যে, ২৩.০১.২০২৪ খ্রি. হতে ৩১.০১.২০২৪ খ্রি. পর্যন্ত ৪৫ তম বিসিএস পরীক্ষা চলাকালীন সময়ে দুপুর ০২.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত নাম তালিকাভুক্ত করা যাবে।

বিশেষ দ্রষ্টব্য : “যোগাযোগ দৌড়” ছাড়া একজন প্রতিযোগী ৫টির বেশি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না।

ট্র্যাক বা মাঠ ইভেন্টে সর্বোচ্চ ৩টিতে অংশগ্রহণ করতে পারবে।

বিভিন্ন ইভেন্টের নাম :

ক) ট্র্যাক ইভেন্ট :

- ১। ১০০ মি: দৌড় (ছাত্র)
- ২। ১০০ মি: দৌড় (ছাত্রী)
- ৩। ২০০ মি: দৌড় (ছাত্র)
- ৪। ২০০ মি: দৌড় (ছাত্রী)
- ৫। ৪০০ মি: দৌড় (ছাত্র)
- ৬। ৪০০ মি: দৌড় (ছাত্রী)
- ৭। ৮০০ মি: দৌড় (ছাত্র)
- ৮। যোগাযোগ দৌড় (২০০×৪) ছাত্র
- ৯। যোগাযোগ দৌড় (১০০×৪) ছাত্রী
- ১০। যোগাযোগ দৌড় (২০০×৪) ছাত্রী

খ) মাঠ ইভেন্ট :

- ১। উচ্চ লম্ফ -(ছাত্র)
- ২। উচ্চ লম্ফ-(ছাত্রী)
- ৩। দীর্ঘ লম্ফ--(ছাত্র)
- ৪। দীর্ঘ লম্ফ-(ছাত্রী)
- ৫। লাফ ধাপ ঝাপ-(ছাত্র)
- ৬। চাকতি নিষ্ক্ষেপ-(ছাত্র)
- ৭। চাকতি নিষ্ক্ষেপ-(ছাত্রী)
- ৮। গোলক নিষ্ক্ষেপ-(ছাত্র)
- ৯। গোলক নিষ্ক্ষেপ-(ছাত্রী)
- ১০। বর্শা নিষ্ক্ষেপ-(ছাত্র)
- ১১। বর্শা নিষ্ক্ষেপ-(ছাত্রী)

বিজ্ঞপ্তিটি প্রতিটি শ্রেণিকক্ষে প্রচারের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

১৮/১/২০২৪

মুরারিচাঁদ কলেজ, সিলেট